দৈনিক বাংলা

তারিখ ... 09 MAY 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 8 ...

বৃহস্পতিবার থেকে পরীক্ষা শুরু

# এ বছর চার বোর্ডে ৪ লাখ ৫৪ হাজার এসএসসি পরীক্ষার্থী

॥ স্টাফ রিপোর্টার ॥

চারটি শিক্ষা বোর্ডের ১৯৯০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস-এসসি) পরীক্ষা আগামীকাল বৃহস্পতিবার শুরু হচ্ছে। এবারের এসএসসি পরীক্ষায় সর্বমোট ৪ লাখ ৫৪ হাজার ৩৪৯ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এর মধ্যে ১ লাখ ৩৭ হাজার ২৮৫ জন ছাত্রী। গতবারের চেয়ে এবার পরীক্ষার্থীর সংখ্যা পাঁচ হাজার সাত জনবেশী।

এ বছর চার বোর্ডের অধীনে পরীক্ষা কেন্দ্রের সংখ্যা সর্বমোট ৫০২টি। এর মধ্যে ঢাকা বোর্ডের অধীনে বিদেশে রয়েছে ৯টি কেন্দ্র। গত বছরে মোট কেন্দ্র ছিল ৪৯৮টি। দেশের বাইরে ২টি নতুন পরীক্ষা কেন্দ্র খোলা হয়েছে।

চার বোর্ডের মধ্যে গত বারের মতো এবারেও ঢাকা বোর্ডে সর্বাধিক সংখ্যক ছাত্রছাত্রী পরীক্ষা দিচ্ছে। এ বোর্ডে চলতি বছরে পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৩৯ হাজার ৩৭০ জন। পরীক্ষা কেন্দ্রের সংখ্যা হচ্ছে বিদেশে ৯টি

(৫-এর পৃঃ দ্রঃ)

## এস এসসি পরীক্ষার্থী

(প্রথম পৃঃ পর)

কেন্দ্রসহ ১৪০টি। বিদেশে কেন্দ্রগুলি হচ্ছে জেদ্দা, রিয়াদ,ত্রিপলী, বন, করাচী, বাহরাইন,আবুধাবী,কুয়েত ও দোহা-কাতার।

এরপর পরীক্ষার্থীর সংখ্যা বেশী কুমিল্লা বোর্ডে। এখানে ছাত্রছাত্রীর সংখ্যা হচ্ছে ১ লক্ষ ১৮ হাজার ৩৩৪ জন। এখানে পরীক্ষা কেন্দ্র খোলা হয়েছে ১শ' ২৮টি।

রাজশাহী বোর্ডে ১৩১টি পরীক্ষা কেন্দ্র খোলা হয়েছে। এখানে পরী-ক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৫ হাজার ৫০০ জন।

যশোর বোর্ড থেকে এবারে ১০৩টি কেন্দ্র থেকে ৯১ হাজার ১৪৫ জন ছাত্রছাত্রী পরীক্ষা দিচ্ছে।

সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের জন্যে চারটি বোর্ডের সকল প্রস্তুতি সম্পন হয়েছে। নকল প্রতি-রোধের লক্ষ্যে ইতিমধ্যেই বিভিন্ন পদ-ক্ষেপ নেয়া হয়েছে। চারটি বোর্ড থেকে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং প্রতিটি কেন্দ্রের সচিবের প্রতি সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠান এবং এসএসসি পরীক্ষাকে নকলমুক্ত করার জন্যে গোপন সার্কুলার দেয়া হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের একজন দায়িত্ব-শীল ব্যক্তি জানান, পরীক্ষা কেন্দ্র নিয়ন্ত্রণের জন্যে ইতিমধ্যেই জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফি-সারের (ইউএনও) নেতৃত্বে স্থানীয় কমিটি গঠন করা হয়েছে। এছাড়া চারটি বোর্ডের কর্মকর্তাদের মাধ্যমে ৮০টি ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। এর মধ্যে ঢাকা বোর্ডের ভিজিলেন্স টিমের সংখ্যা হচ্ছে ২৯টি। এই টিম গোপনে ও আকস্মিকভাবে পরীক্ষা চলাকালীন সময়ে কেন্দ্রগুলি পরিদর্শন করবেন। বোর্ডের গঠিত এই টিমগুলো কেন্দ্রের আসন ব্যবস্থা, পরীক্ষার্থীদের আচরণ, পরিদর্শনের মান, পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে কেন্দ্র কর্তৃপক্ষের দৃষ্টিভঙ্গী এবং কেন্দ্রে পুলিশ পাহাড়ার ব্যবস্থা ও পরিদর্শনের সময় তদারক করবেন।

এদিকে, এসএসসি পরীক্ষাকে নকলমুক্ত করার জন্যে মানিকগঞ্জ, টাঙ্গাইল, ও জামালপুরের কয়েকটি উপজেলা কেন্দ্রে অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত স্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এই ভ্রাম্যমাণ আদালত সঙ্গে সঙ্গে নকল সরব-রাহকারীদের কাছ থেকে নগদ টাকা জরিমানা আদায় করবে।

এ ছাড়াও দেশের বিভিন্ন কেন্দ্রের পরীক্ষা পরিচালনা কমিটির সদস্যরা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কাছে এই মর্মে প্রতিশ্রুতি দিয়েছে যে, তারা পরীক্ষা চলাকালে ১৪৪ ধারা ভঙ্গ ও নকল সরবরাহ বন্ধের জন্যে সর্বাত্মক ব্যবস্থা করবে।

এ দিকে ঢাকা মহানগরী ৫টি জোনে বিভক্ত করা হয়েছে। এসব জোনের প্রতিটিতে একাধিক ম্যাজিস্ট্রেটের অধীনে ৫টি ভিজিলেন্স টিম গঠন করা হ[illegible] ঢাকার অতিরিক্ত জেলা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এই কমিটির চেয়ারম্যান।